# মানহাজ (আল-আজবিবাতুল মুফীদাহ)

বিভাগ/অধ্যায়ঃ নিত্য নতুন মানহাজ সম্পর্কিত বিভিন্ন প্রশ্নের উপকারী জবাব

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ ড. ছলিহ ইবনে ফাওযান আল ফাওযান

প্রশ্ন-৪৫ : আলিমদের উপর যুবক ও সাধারণ মানুষদের জন্য দলাদলি ও ফিরকাবাজীর ভয়াবহতা আলোচনা করা কী ওয়াজিব?

উত্তর : হ্যাঁ। দলাদলি, বিভক্তি ও ফিরকাবাজীর ভয়াবহতা সম্পর্কে মানুষকে সচেতন করার জন্য আলোচনা করা ওয়াজিব। যাতে সাধারণ মানুষ ধোঁকায় না পড়ে। বর্তমানে কত সাধারণ মানুষ বিভিন্ন দল দ্বারা ধোঁকাগ্রস্থ হয়ে তাদেরকে হক মনে করে।

সুতরাং আমাদের উপর ওয়াজিব হলো শিক্ষার্থী ও সাধারণ মানুষদের জন্য দলাদলি-ফিরকাবাজীর ভয়াবহতা বর্ণনা করা। কেননা আলিমগণ চুপ থাকলে সাধারণ লোকেরা বলবে আলিমগণ হক সম্পর্কে জানে তারা এ ব্যাপারে নীরব রয়েছেন, এরপর এটাই ভ্রষ্টতা অনুপ্রবেশের কারণ হবে। সুতরাং এসকল কাজ ঘটলে তা থেকে সতর্ক করতে হবে। ছাত্রদের চেয়ে সাধারণ লোকদের উপর এর ক্ষতির সম্ভাবনা বেশি। কেননা সাধারণ জনগণ কোন বিষয়ে আলিমদের নীরবতা দেখলে মনে করে সে কাজটি সহীহ ও হক। নতুবা আলিমগণ তো আর নিরব-নিশ্চুপ থাকতো না।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13119

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন